


# অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া ছাত্রদের নতুন ছাত্র সংগঠনের আত্মপ্রকাশ আজ

ঢাকা প্রতিবেদক

২৬ ফেব্রুয়ারি ২০২৫, ১২:০০ এএম



সংগৃহীত ছবি

‘স্টুডেন্টস ফাস্ট’, বাংলাদেশ ফাস্ট’-এ সেক্সাগোনকে ধারণ করে জুলাই গণ-অভ্যুত্থানে নেতৃত্ব দেওয়া ছাত্রদের নিয়ে নতুন ছাত্র সংগঠনের আত্মপ্রকাশ হতে যাচ্ছে আজ বুধবার। সংগঠনটি জুলাই বিপ্লবের আদর্শকে ধারণ করে পরিচালিত হবে এবং কোনো রাজনৈতিক দল বা ব্যক্তির লেজুড়বৃত্তি করবে না। নতুন সংগঠনের শীর্ষ নেতৃত্বে আসতে পারেন- এমন একাধিক নেতৃত্ব দৈনিক আমাদের সময়কে এ তথ্য নিশ্চিত করেছেন।

জানা গেছে, কেন্দ্রীয় কমিটির সদস্য সচিব হিসেবে দায়িত্ব পেতে পারেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দপ্তর সেল সম্পাদক জাহিদ আহসান। আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সদস্য সচিব হতে পারেন গণিত বিভাগের শিক্ষার্থী মহির আলম।

জানা গেছে, বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মতো এই সংগঠনেও থাকছে শীর্ষ চার পদ- আহ্বায়ক, সদস্য সচিব, মুখপাত্র ও মুখ্য সংগঠক। সংগঠনের কেন্দ্রীয় আহ্বায়ক পদে আসতে পারেন সমন্বয়ক আবু বাকের মজুমদার ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের আহ্বায়ক পদে আসতে পারেন সমন্বয়ক আব্দুল কাদের। কেন্দ্রীয় কমিটির সদস্য

সচিব হিসেবে আসতে পারেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের দপ্তর সেল সম্পাদক জাহিদ আহসান। আর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সদস্য সচিব হিসেবে আসতে পারেন বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের শিক্ষার্থী মহির আলম।

এ ছাড়া কেন্দ্রীয় কমিটির মুখপাত্র হিসেবে দায়িত্ব পেতে পারেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্ক বিভাগের শিক্ষার্থী আশরেফা খাতুন এবং ঢাবির মুখপাত্র হতে পারেন ২০১৯-২০ সেশনের শিক্ষার্থী রাফিয়া রেহনুমা হাদি। কেন্দ্রীয় কমিটির মুখ্য সংগঠক হিসেবে দায়িত্ব পেতে পারেন ঢাবি শিক্ষার্থী তাহমিদ আল মোদাচ্ছির, আর ঢাবির মুখ্য সংগঠক হতে পারেন সমাজবিজ্ঞান বিভাগের শিক্ষার্থী হাসিব আল ইসলাম। সিনিয়র যুগ্ম সদস্য সচিব হিসেবে দায়িত্ব পেতে পারেন রিফাত রশীদ এবং ঢাবি কমিটির যুগ্ম সদস্য হিসেবে দায়িত্ব নিতে পারেন আলামিন সরকার।

সংগঠনের লক্ষ্য ও কাঠামো সম্পর্কে আব্দুল কাদের জানান, এই ছাত্র সংগঠন কোনো লেজুডবৃত্তিক সংগঠন হবে না। এর সঙ্গে কোনো মাদার সংগঠনের সম্পর্ক থাকবে না। নেতৃত্ব নির্বাচনের ক্ষেত্রে ‘বটম টু টপ’ পদ্ধতিতে গণতান্ত্রিক উপায়ে সিদ্ধান্ত নেওয়া হবে। সংগঠনের আর্থিক কার্যক্রম অভ্যন্তরীণ চাঁদার মাধ্যমে পরিচালিত হবে। বয়সসীমা সম্পর্কে তিনি বলেন, কেন্দ্রীয় কমিটির সদস্যদের বয়স সর্বোচ্চ ২৮ বছর হতে হবে। আর বিশ্ববিদ্যালয় ইউনিটগুলোর ক্ষেত্রে সদস্য হতে পারবে অনার্সে ভর্তি হওয়ার পর থেকে সর্বোচ্চ সাত বছর পর্যন্ত। অর্থাৎ এটি শুধু শিক্ষার্থীদের সংগঠন হবে। সংগঠনের মূল ভিত্তি হবে জুলাই গণ-অভ্যুত্থানের চেতনা। এই চেতনা ধারণ করে শিক্ষাঙ্গনে কাজ করা হবে।

এর আগে চলতি মাসের ১৭ তারিখে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে সংবাদ সম্মেলন করে নতুন ছাত্র সংগঠন প্রতিষ্ঠার ঘোষণা দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক সমন্বয়ক আবু বাকের মজুমদার।